ISSUE 29

# Accreditation Newsletter

**June 2025**



## Bangladesh Accreditation Board (BAB)

Ministry of Industries

www.bab.gov.bd



# সম্পাদকীয়

দেশে বিদ্যমান বিভিন্ন সাযুজ্য নিরূপণকারী প্রতিষ্ঠানসমূহ যেমনঃ টেস্টিং, ক্যালিব্রেশন ও মেডিকেল ল্যাবরেটরি, সনদ প্রদানকারী সংস্থা এবং পরিদর্শন সংস্থাকে অন্তর্জাতিক মান এবং গাইডলাইন অনুসারে এ্যাক্রেডিটেশন সনদ প্রদান করার একমাত্র দায়িত্বপ্রাপ্ত সংস্থা বাংলাদেশ এ্যাক্রেডিটেশন বোর্ড (বিএবি)। বিএবি অভ্যন্তরীণ, আঞ্চলিক ও আন্তর্জাতিক বাজারে দেশীয় পণ্য ও সেবার গুণগতমানের স্বীকৃতি ও গ্রহণযোগ্যতা বৃদ্ধিসহ বাণিজ্যে কারিগরি বাধা দূরীকরণের মাধ্যমে রপ্তানি বাণিজ্য সম্প্রসারণের লক্ষ্যে কাজ করে যাচ্ছে। ২০২৪-২০২৫ অর্থবছর পর্যন্ত বিএবি ১৬০ টি সাযুজ্য নিরূপণকারী প্রতিষ্ঠানসমূহকে এ্যাক্রেডিটেশন সনদ প্রদান করেছে। বিএবি-এর কার্যক্রমের আন্তর্জাতিক স্বীকৃতিস্বরূপ টেস্টিং, ক্যালিব্রেশন ও মেডিকেল ল্যাবরেটরি এবং পরিদর্শন সংস্থার ক্ষেত্রে Asia Pacific Accreditation Cooperation (APAC), International Laboratory Accreditation Cooperation (ILAC) এর পারস্পরিক স্বীকৃতি ব্যবস্থা (MRA) স্বাক্ষর করেছে, যা বিএবি'র একটি উল্লেখযোগ্য সাফল্য। MRA অর্জনের ফলে বিএবি'র এ্যাক্রেডিটেড প্রতিষ্ঠানের রিপোর্ট এবং সার্টিফিকেট বিশ্বব্যাপী গ্রহণযোগ্যতা পাচ্ছে। একটি উন্নত ও প্রযুক্তি নির্ভর বাংলাদেশে পরিণত করার লক্ষ্যে বিএবি জোরাল ভূমিকা পালন করছে। এছাড়াও বিএবি এসডিজি, নৈতিকতা ও শুদ্ধাচার, উদ্ভাবনী কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নসহ মন্ত্রণালয় কর্তৃক গৃহীত বিভিন্ন কর্মসূচি বাস্তবায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে।

বিএবি'র এ্যাক্রেডিটেশন নিউজলেটারের ২৯তম সংস্করণে প্রশিক্ষণ এবং সক্ষমতা উন্নয়ন কার্যক্রম সহ এর অনেক উল্লেখযোগ্য অর্জনের উপর আলোকপাত করা হয়েছে। এই ইস্যুতে এ্যাক্রেডিটেশন এবং গুণগতমানের সাথে সম্পর্কিত বিএবি'র কার্যক্রমের হালনাগাদ তথ্যাদি, বিভিন্ন সেক্টরে নতুন সাযুজ্য নিরূপণকারী প্রতিষ্ঠানসমূহকে এ্যাক্রেডিটেশন প্রদান, দক্ষ ও কারিগরি বিশেষজ্ঞ তৈরি এবং এ্যাক্রেডিটেশনের প্রয়োজনীয়তা ও গুরুত্ব সম্পর্কে অংশীজন এবং জনসাধারণকে সচেতন করার লক্ষ্যে আয়োজিত প্রশিক্ষণ-ওয়ার্কশপের তথ্যাদি অন্তর্ভুক্ত করা হয়েছে।

বরাবরের মতো, আমরা আশা করি আপনি নিউজলেটারটি পড়ে উপভোগ করবেন এবং বিএবি'র কার্যক্রম সংশ্লিষ্ট যে কোনও ধরনের পরামর্শ প্রদানের জন্য অনুরোধ জানাই।

এই নিউজলেটার প্রকাশনার সাথে সংশ্লিষ্ট সবাইকে আমার পক্ষ থেকে কৃতজ্ঞতা ও ধন্যবাদ জানাই।

এম. এ. কামাল বিল্লাহ
মহাপরিচালক (অতিরিক্ত সচিব), বিএবি

## বিশ্ব এ্যাক্রেডিটেশন দিবস উদযাপন

প্রতিবছর ৯ জুন বিশ্বব্যাপি বিশ্ব এ্যাক্রেডিটেশন দিবস উদযাপিত হয়ে থাকে। এ্যাক্রেডিটেশনকে দেশের অভ্যন্তরে ব্যাপকভাবে পরিচিতকরণের লক্ষ্যে বাংলাদেশ এ্যাক্রেডিটেশন বোর্ড (বিএবি) প্রতিবছর 'গ' ক্যাটাগরিভুক্ত জাতীয় দিবস হিসেবে দিবসটি যথাযোগ্য মর্যাদায় পালন করে আসছে। এরই ধারাবাহিকতায় বাংলাদেশ এ্যাক্রেডিটেশন বোর্ড (বিএবি) এর উদ্যোগে "০৯ জুন বিশ্ব এ্যাক্রেডিটেশন দিবস-২০২৫" উদযাপন উপলক্ষ্যে বিগত ১০ জুলাই ২০২৫, বৃহস্পতিবার বিআইএম মিলনায়তন, ৪, সোবাহানবাগ ঢাকায় একটি সেমিনার আয়োজন করা হয়। সেমিনারে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শিল্প মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা জনাব আদিলুর রহমান খান। এছাড়া অতিথি হিসেবে আরও উপস্থিত ছিলেন এফবিসিসিআই-এর প্রশাসক জনাব মোঃ হাফিজুর রহমান, ক্ষুদ্র ও মাঝারি শিল্প ফাউন্ডেশন এর ব্যবস্থাপনা পরিচালক জনাব আনোয়ার হোসেন চৌধুরী, বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট এর মহাপরিচালক ড. খন্দকার আজিজুল ইসলাম। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন শিল্প মন্ত্রণালয়ের সম্মানিত সচিব জনাব মোঃ ওবায়দুর রহমান। সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন জনাব ফাহিম বিন আসমত, উপমহাব্যবস্থাপক, এসএমই ফাউন্ডেশন, শিল্প মন্ত্রণালয়। অনুষ্ঠানে শিল্প মন্ত্রণালয়ের ঊর্ধ্বতন কর্মকর্তা, সরকারি ও বেসরকারি বিভিন্ন প্রতিষ্ঠানের প্রধান, মান ও এ্যাক্রেডিটেশন খাতের বিশেষজ্ঞ, বাণিজ্য সংগঠন এবং শিল্প ও ব্যবসায়িক খাতের প্রতিনিধিগণ অংশগ্রহণ করেন। সেমিনারের মাধ্যমে অংশীজনদের মধ্যে সচেতনতা বৃদ্ধি, অভিজ্ঞতা বিনিময়, চ্যালেঞ্জ ও সুযোগ নিয়ে আলোচনা এবং নেটওয়ার্কিংয়ের মাধ্যমে সম্মিলিতভাবে কাজ করার ক্ষেত্র আরও সম্প্রসারিত হয়েছে।

এ বছর 'বিশ্ব এ্যাক্রেডিটেশন দিবস ২০২৫'-এর প্রতিপাদ্য নির্ধারণ করা হয় "Accreditation: Empowering Small and Medium Enterprises (SMEs)"। এই প্রতিপাদ্য ক্ষুদ্র ও মাঝারি শিল্প (SMEs) খাতের সক্ষমতা বৃদ্ধি, গুণগত মান নিশ্চিতকরণ এবং বৈশ্বিক বাজারে তাদের প্রতিযোগিতা শক্তিশালী করার ক্ষেত্রে এ্যাক্রেডিটেশনের ভূমিকাকে সর্বাধিক গুরুত্বের সাথে তুলে ধরেছে। বাংলাদেশ এ্যাক্রেডিটেশন বোর্ড (বিএবি) "বাংলাদেশ এ্যাক্রেডিটেশন আইন, ২০০৬" অনুযায়ী গঠিত হয়। জাতীয় এ্যাক্রেডিটেশন কর্তৃপক্ষ হিসাবে দেশের মান অবকাঠামো ও সাজুয্য নিরূপণ পদ্ধতির উন্নয়ন, দেশীয় পণ্য ও সেবার মানোন্নয়ন নিশ্চিতকরন, ভোক্তা অধিকার প্রতিষ্ঠায় সহায়তা প্রদান, আমদানিকৃত পণ্যের মান নিয়ন্ত্রণে সহায়তা দান এবং রপ্তানি বাণিজ্য সম্প্রসারণ তথা দেশের সার্বিক অর্থনৈতিক উন্নয়নে কার্যকরী ভূমিকা পালন করে চলছে।

বাংলাদেশ এ্যাক্রেডিটেশন বোর্ড (বিএবি) এর কার্যক্রমের আন্তর্জাতিক স্বীকৃতিস্বরূপ টেস্টিং এবং ক্যালিব্রেশন ল্যাবরেটরির ক্ষেত্রে এশিয়া প্যাসিফিক এ্যাক্রেডিটেশন কো-অপারেশন (APAC) ও আন্তর্জাতিক ল্যাবরেটরি এ্যাক্রেডিটেশন কো-অপারেশন (ILAC) এর পূর্ণ সদস্যপদ অর্জনসহ ২০১৫ সালে প্রতিষ্ঠান দুটির সাথে Mutual Recognition Arrangement (MRA) স্বাক্ষর করেছে। ফলে আঞ্চলিক ও আন্তর্জাতিক পরিমণ্ডলে বিএবি'র সার্বিক কার্যক্রম স্বীকৃতি ও গ্রহণযোগ্যতা অর্জন করেছে যা আন্তর্জাতিক বাণিজ্যে কারিগরি বাধা (TBT) অপসারণের মাধ্যমে দেশীয় পণ্যের রপ্তানি বাণিজ্য প্রসারে সহায়তা করছে। সেমিনারে শিল্প উপদেষ্টা বলেন, এসএমই (ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তা) খাতের উন্নয়ন জাতীয় অর্থনৈতিক প্রবৃদ্ধির জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। এসএমই খাত কর্মসংস্থান ও উদ্ভাবন তথা জিডিপি-তে গুরুত্বপূর্ণ অবদান রাখে, যা অর্থনৈতিক অগ্রগতির জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। এসএমই খাতের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে কার্যক্রম গ্রহণের মাধ্যমে উৎপাদনশীলতা বৃদ্ধি, দারিদ্র্য হ্রাস এবং আঞ্চলিক উন্নয়ন সাধন সম্ভব। তিনি বলেন, নিরাপদ খাদ্য এবং মানসম্পন্ন স্বাস্থ্যসেবা নিশ্চিত করার জন্য কঠোর মান নিয়ন্ত্রণ ব্যবস্থা অপরিহার্য। স্বল্পোন্নত দেশের (LDC) তালিকা থেকে উত্তরণের প্রাক্কালে অন্তর্বর্তীকালীন সরকার অর্থনৈতিক স্থিতিশীলতা, সহনশীলতা এবং বৈশ্বিক প্রতিযোগিতার সক্ষমতা অর্জনে বিশেষভাবে ক্ষুদ্র ও মাঝারি শিল্প (এসএমই)-এর উন্নয়নে জোর দিচ্ছে। ক্ষুদ্র ও মাঝারি শিল্প (SMEs) দেশের অর্থনীতির অন্যতম চালিকাশক্তি। এই খাতকে আন্তর্জাতিক বাজারে আরও প্রতিযোগিতা সক্ষম ও মানসম্মত করতে এ্যাক্রেডিটেশন গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। আন্তর্জাতিক মানের স্বীকৃতি পেলে দেশীয় ক্ষুদ্র ও মাঝারি শিল্পগুলো সহজেই বিদেশি ক্রেতাদের আস্থা অর্জন এবং রপ্তানি বাজার সম্প্রসারণ করতে পারবে যা দেশের অর্থনীতিতে ইতিবাচক প্রভাব ফেলবে।





*"০৯ জুন বিশ্ব এ্যাক্রেডিটেশন দিবস-২০২৫" উদযাপন উপলক্ষ্যে বিগত ১০ জুলাই ২০২৫, বৃহস্পতিবার বিআইএম মিলনায়তন, ৪, সোবাহানবাগ ঢাকায় আয়োজিত সেমিনারে অতিথিবৃন্দ*

## এ্যাক্রেডিটেড প্রতিষ্ঠান পরিদর্শন

বিএবি'র কার্যক্রমে স্বচ্ছতা ও গতি বৃদ্ধির লক্ষ্যে বিএবি'র মহাপরিচালক জনাব মুঃ আনোয়ারুল আলমের নেতৃত্বে একটি টীম গত ২৪-২৫ এপ্রিল ২০২৫ খ্রি। তারিখে Mobil Jamuna Bangladesh Limited এর চট্টগ্রাম ল্যাবরেটরি পরিদর্শন করেন।




বিএবি'র মহাপরিচালক জনাব মুঃ আনোয়ারুল আলমের নেতৃত্বে একটি টীম গত ৮ মে ২০২৫ খ্রি। তারিখে ল্যাবরেটরি সার্ভিস, ইবনে সিনা ডায়াগনস্টিক অ্যান্ড ইমেজিং সেন্টার এর ধানমন্ডি ল্যাবরেটরি পরিদর্শন করেন।




বিএবি'র মহাপরিচালক জনাব মুঃ আনোয়ারুল আলমের নেতৃত্বে একটি টীম গত ১০ মে ২০২৫ খ্রি। তারিখে Intertek Services Bangladesh এর গাজীপুর এ অবস্থিত ক্যালিব্রেশন ল্যাবরেটরি পরিদর্শন করেন।



## ইন-হাউজ প্রশিক্ষনঃ

২০২৪-২০২৫ অর্থবছরে বিএবি'র কর্মকর্তা ও কর্মচারী ও অংশীজনদের সমন্বয়ে বিএবি কার্যালয়ে নিম্নোল্লেখিত সূচি অনুযায়ী ইন-হাউজ প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে। উক্ত প্রশিক্ষণে বিএবি'র কর্মকর্তা ও কর্মচারী, বিএবি'র সংশ্লিষ্ট এ্যাসেসরবৃন্দ ও এ্যাক্রেডিটেড প্রতিষ্ঠানের কর্মকর্তাগন উপস্থিত ছিলেন।

| তারিখ ও সময় | প্রশিক্ষণের বিষয় |
|---|---|
| ০১/০৮/২০২৪ | অভিযোগ প্রতিকার ও ব্যবস্থাপনা |
| ১৪/০৮/২০২৪ | APA প্রণয়ন ও মূল্যায়ন |
| ২৯/১০/২০২৪ | দাপ্তরিক কাজে Digital Tools ব্যবহার ও PMIS হালনাগাদ করন |
| ২৪/১২/২০২৪ | প্রশাসনিক ও আর্থিক ক্ষমতা এবং ibass++ এর মাধ্যেমে অর্থ ছাড়করণ |
| ১৫/০৮/২০২৪ | সেবা সহজীকরণ ও উদ্ধাবন |

## প্রশিক্ষণ কোর্স আয়োজন

২০২৪-২০২৫ অর্থবছরে বিএবি'র কর্মকর্তা, কর্মচারী ও অংশীজনদের অংশগ্রহণে বিএবি কার্যালয়ে নিম্নলিখিত সূচি অনুযায়ী বিভিন্ন প্রশিক্ষণের আয়োজন করা হয়।

| Sl. No. | Date | Course | Trainers | Participants |
|---|---|---|---|---|
| 10. | 31 December 2024- 02 January 2025 | 53rd Understanding Course on ISO/IEC 17025:2017 | Mr. Md. Nasirul Islam, Director, BAB<br>Mr. Md. Mahbubur Rahman, Director, BAB<br>Mr. Md. Towhidur Rahman, Deputy Director, BAB<br>Mr. Mohammed Abbas Alam, Deputy Director, BAB | 40 |
| 02. | 27-29 January 2025 | 54th Understanding Course on ISO/IEC 17025:2017 | | 39 |
| 03. | 17-19 February 2025 | 55th Understanding Course on ISO/IEC 17020:2012 | | 32 |
| 04. | 25-27 February 2025 | 56th Understanding Course on ISO 15189:2022 | | 40 |
| 05. | 11-13 March 2025 | 57th Understanding Course on ISO 15189:2022 | | 32 |
| 06. | 19-21 May 2025 | 58th Understanding Course on ISO/IEC 17025:2017 | | 39 |
| 07 | 26-28 May 2025 | 59th Understanding Course on ISO/IEC 17025:2017 | | 33 |



01



02



03



04




05

06





07

## সেমিনার/কর্মশালা আয়োজনঃ

বিগত ০৬ মে ২০২৫ খ্রি. তারিখে ডিপিডিটি'র সম্মেলন কক্ষ, শিল্প মন্ত্রণালয় ভবন, মতিঝিল, ঢাকায় বাংলাদেশ এ্যাক্রেডিটেশন বোর্ড (বিএবি) এর অ্যাসেসর/বিশেষজ্ঞদের অংশগ্রহণে বিএবি'র বিদ্যমান মেডিকেল ল্যাবরেটরি এ্যাক্রেডিটেশন স্কীমের আধুনিকায়ন ও সামঞ্জস্যকরণ বিষয়ের ওপর এক সমিনার অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে মূল প্রবন্ধ উপস্থাপন এবং সভাপতিত্ব করেন প্রতিষ্ঠানের মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব মুঃ আনোয়ারুল আলম।

অনুষ্ঠানে মূল প্রবন্ধের ওপর আলোচনায় অংশগ্রহণ করেন বিএবি'র পরিচালক (প্রশাসন ও অর্থ) জনাব মোঃ নাসিরুল ইসলাম, পরিচালক (কারিগরি সেবা) জনাব মোঃ মাহবুবুর রহমান এবং উপপরিচালক (প্রশাসন ও অর্থ) জনাব মোহাম্মদ আব্বাছ আলম। উপস্থিত বিএবি'র অ্যাসেসর/বিশেষজ্ঞ এবং অংশীজনগণ বিদ্যমান মেডিকেল ল্যাবরেটরি এ্যাক্রেডিটেশন কার্যক্রমকে অধিকতর গতিশীল, অংশীজনবান্ধব এবং ডিজিলাইটেজেশন করার ওপর গুরুত্ব আরোপ করেন।



*মেডিকেল ল্যাবরেটরি এ্যাক্রেডিটেশন স্কীমের আধুনিকায়ন ও সামঞ্জস্যকরণ বিষয়ের ওপর আয়োজিত সেমিনারে অংশগ্রহণকারীগণ*

বিগত ০৭ মে ২০২৫ খ্রি. তারিখে ডিপিডিটি'র সম্মেলন কক্ষ, শিল্প মন্ত্রণালয় ভবন, মতিঝিল, ঢাকায় বাংলাদেশ এ্যাক্রেডিটেশন বোর্ড (বিএবি) এর অ্যাসেসর/বিশেষজ্ঞদের অংশগ্রহণে বিএবি'র বিদ্যমান ইন্সপেকশন এন্ড সার্টিফিকেশন এ্যাক্রেডিটেশন স্কীমের আধুনিকায়ন ও সামঞ্জস্যকরণ বিষয়ের ওপর এক সেমিনার অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে মূল প্রবন্ধ উপস্থাপন এবং সভাপতিত্ব করেন প্রতিষ্ঠানের মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব মুঃ আনোয়ারুল আলম।

অনুষ্ঠানে মূল প্রবন্ধের ওপর আলোচনায় অংশগ্রহণ করেন বিএবি'র পরিচালক (প্রশাসন ও অর্থ) জনাব মোঃ নাসিরুল ইসলাম, পরিচালক (কারিগরি সেবা) জনাব মোঃ মাহবুবুর রহমান এবং উপপরিচালক (প্রশাসন ও অর্থ) জনাব মোহাম্মদ আব্বাছ আলম। উপস্থিত বিএবি'র অ্যাসেসর/বিশেষজ্ঞ এবং অংশীজনগণ বিদ্যমান ইন্সপেকশন এন্ড সার্টিফিকেশন এ্যাক্রেডিটেশন কার্যক্রমকে অধিকতর গতিশীল, অংশীজনবান্ধব এবং ডিজিলাইটেজেশন করার ওপর গুরুত্ব আরোপ করেন।



*বিএবি'র বিদ্যমান ইন্সপেকশন এন্ড সার্টিফিকেশন এ্যাক্রেডিটেশন স্কীমের আধুনিকায়ন ও সামঞ্জস্যকরণ বিষয়ের ওপর আয়োজিত সেমিনারে অংশগ্রহণকারীগণ*

## সমঝোতা স্মারক স্বাক্ষর

বিগত ০৪ মে ২০২৫ খ্রি. তারিখে বাংলাদেশ এ্যাক্রেডিটেশন বোর্ড (বিএবি), শিল্প মন্ত্রণালয় এবং যুক্তরাষ্ট্রের কৃষি বিভাগের আর্থিক সহায়তায় পরিচালিত বাংলাদেশ ট্রেড ফ্যাসিলিটেশন প্রজেক্ট (বিটিএফ) এর মধ্যে খাদ্য ও কৃষি পণ্যের গুণগত মান নিশ্চিতকরণে সহায়তার মাধ্যমে আন্তর্জাতিক রপ্তানি বাণিজ্যে দেশের দীর্ঘমেয়াদে প্রতিযোগিতার সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে একটি সমঝোতা স্মারক স্বাক্ষর অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শিল্প মন্ত্রণালয়ের সম্মানিত সচিব জনাব মোঃ ওবায়দুর রহমান। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ ট্রেড ফ্যাসিলিটেশন প্রজেক্ট (বিটিএফ) প্রকল্পের পরিচালক মিঃ মাইকেল জে পার। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিএবি'র মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব মুঃ আনোয়ারুল আলম। এছাড়া শিল্প মন্ত্রণালয়, বিএবি এবং বিটিএফ এর উর্ধ্বতন কর্মকর্তাগণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।



## বিএবি'র এর ৫২ তম বোর্ড সভা

গত ১০ এপ্রিল ২০২৫ খ্রি. তারিখে মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে বিএবি'র ৫২তম বোর্ড সভা অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন বিএবি'র ভারপ্রাপ্ত চেয়ারম্যান এবং শিল্প মন্ত্রণালয়ের মাননীয় সচিব জনাব মোঃ ওবায়দুর রহমান। এই বৈঠকে নিম্নোলিখিত বিষয় সমূহে আলোচনা হয়ঃ

ক। ৫১তম বোর্ড সভার সিদ্ধান্তের অগ্রগতি।
খ। জনবল নিয়োগ
গ। বিবিধ

## মত বিনিময় সভাঃ

গত ০১ ফেব্রুয়ারি, ২০২৫ খ্রিস্টাব্দ, স্থান: বাংলাদেশ এ্যাক্রেডিটেশন বোর্ড (বিএবি) প্রধান কার্যালয়, বাংলাদেশ এ্যাক্রেডিটেশন বোর্ড (বিএবি)-এর মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব মুঃ আনোয়ারুল আলম এবং বাংলাদেশ বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ ওশানোগ্রাফিক রিসার্চ ইনস্টিটিউট (বিওআরআই)-এর মহাপরিচালক কমডোর মোঃ মিনারুল হক-এর মধ্যে পরীক্ষাগার এ্যাক্রেডিটেশন বিষয়ে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

সভায় বিওআরআই-এর মহাপরিচালক জানান, দেশের সমুদ্র সম্পদের উন্নয়ন, ব্যবহার নিশ্চিতকরণ এবং সমুদ্রবিদ্যা বিষয়ক গবেষণায় অগ্রণী ভূমিকা পালনকারী প্রতিষ্ঠান হিসেবে বিওআরআই তার দায়িত্ব সফলভাবে পালন করে আসছে। তিনি প্রতিষ্ঠানটির আওতাধীন ৫টি পরীক্ষাগারকে বিএবি-এর মাধ্যমে আন্তর্জাতিক মানে এ্যাক্রেডিটেড করার আগ্রহ প্রকাশ করেন।

এ বিষয়ে বিএবি-এর মহাপরিচালক বলেন, আন্তর্জাতিক মান ও গাইডলাইন অনুসরণ করে স্বচ্ছতা ও নিরপেক্ষতার সাথে বিএবি এ্যাক্রেডিটেশন কার্যক্রম পরিচালনা করে থাকে। এছাড়া, এ্যাক্রেডিটেশন প্রক্রিয়ায় সংশ্লিষ্ট কারিগরি ব্যক্তিদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণ প্রদান করা হয়। তিনি উল্লেখ করেন যে, এসব প্রশিক্ষণে অংশগ্রহণকারীরা জাতীয় গুণগতমান অবকাঠামো উন্নয়ন ও রপ্তানি বৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছেন।

উভয় পক্ষই পরীক্ষাগারগুলোর এ্যাক্রেডিটেশন প্রক্রিয়া ত্বরান্বিত করতে সম্মিলিত প্রচেষ্টার ওপর গুরুত্ব আরোপ করেন।



গত ০২ ৮ এপ্রিল, ২০২৫ খ্রিস্টাব্দ, স্থান: বাংলাদেশ এ্যাক্রেডিটেশন বোর্ড (বিএবি) প্রধান কার্যালয়, বাংলাদেশ এ্যাক্রেডিটেশন বোর্ড (বিএবি)-এর মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব মুঃ আনোয়ারুল আলম এর সাথে দক্ষিণ এশীয় আঞ্চলিক মান সংস্থা (SARSO) এর পরিচালক (মান) জনাব চেঞ্জম এর আঞ্চলিক মান ব্যবস্থা ও এ্যাক্রেডিটেশন বিষয়ে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। এ-সময় SARSO এর সাবেক মহাপরিচালক জনাব সৈয়দ হুমায়ূন কবির ও বিএবি'র পরিচালকগণ উপস্থিত ছিলেন।





BAB Director General (Additional Secretary) Md. Anwarul Alam handed over Accreditation Certificate to:

1. Calibration Laboratory, SGS Ba gladesh Limited, Dhaka
2. Parkview Diagnostic Center, Chattogram
3. Laboratory Services, Khwaja Yunus Ali Medical College & Hospital, Sirajganj
4. Novus Clinical Research Services Ltd., Dhaka

30 January 2025



BAB chairman and Secretary, Ministry of Industries Mr. Md Obaidur Rahman handed over Accreditation Certificate to Mr. S M Ferdous Alam, DG, BSTI for Product Certification Bodies Accreditation Scheme and National Metrology Laboratory, NML-BSTI.



BAB chairman and Secretary, Ministry of Industries Mr. Md Obaidur Rahman handed over Accreditation Certificate to Dr. Md. Kamruzzaman ndc, DG, Department of Environment for Dhaka Laboratory on 13 March 2025.

BAB Director General (Additional Secretary) Mr. Md. Anwarul Alam handed over Accreditation Certificate to ICAS International Ltd., Dhaka for Inspection activities on 19 March 2025 at BAB Office.



BAB Director General (Additional Secretary) Mr. Md. Anwarul Alam handed over 5th renewal certificate to Lub-rref (Bangladesh) Ltd., Chattogram for testing activities on 19 March 2025 at BAB Office.



Md. Anwarul Alam, Director General (Additional Secretary), BAB handed over Accreditation Certificate to Mr. Md. Aminul Haque, Quality Assurance Manager, DoF, Chattogram on 06 may 2025. During the occasion former Director General of BAB Mr. Md. Abu Abdullah was present.





Md. Anwarul Alam, Director General (Additional Secretary), BAB handed over Accreditation Certificate to Ms. Shilpi Dey, Quality Assurance Manager, QCL, Savar, Dhaka on 06 may 2025. During the occasion former Director General of BAB Mr. Md. Abu Abdullah was present.



Secretary), BAB handed over Accreditation Certificate to Dr. Tasrina Rabia Choudhury, ACL, PSO, BAEC, Dhaka on 06 May 2025. During the occasion former Director General of BAB Mr. Md. Abu Abdullah was present.



Md. Anwarul Alam, Director General (Additional Secretary), BAB handed over Accreditation Certificate to Md Golam Sarwar, Country Manager, and Md Nur Alam, Laboratory Operations Manager, Consumer Testing Laboratories Ltd. During the occasion other respected BAB officials were present there.

Md. Anwarul Alam, Director General (Additional Secretary), BAB handed over Accreditation Certificate to Mr. Md. Rakibur Rahaman, General Manager, Geo Chem CPS BD on 07 May 2025.



Md. Mahbubur Rahman, Director, BAB handed over Accreditation Certificate to nstrumentation Engineering Services Ltd. (IESL) on 18 January 2025.



# বাংলাদেশ এ্যাক্রেডিটেশন বোর্ড (বিএবি)

## ২০২৪-২০২৫ অর্থ বছর পর্যন্ত বিএবি কর্তৃক এ্যাক্রেডিটেড প্রতিষ্ঠানের তালিকা

| Sl. No | Name of the CAB | Scope of Accreditation |
|---|---|---|
| | **Testing Laboratory(ISO/IEC 17025)** | |
| 1. | SGS Bangladesh Limited | Textile Testing |
| 2. | Fish Inspection and Quality Control (FIQC) Laboratory, Dhaka | Food Testing |
| 3. | Testing Laboratory, Dysin International Ltd. | Textile Testing |
| 4. | ITS Labtest Bangladesh Ltd.,Dhaka | Textile Testing |
| 5. | Lub-rref (Bangladesh) Ltd. | Petroleum Product Testing |
| 6. | Bureau Veritas Consumer Products Services (Bangladesh) Ltd. | Textile Testing |
| 7. | Fish Inspection and Quality Control (FIQC) Laboratory, Chattogram | Food Testing |
| 8. | Fish Inspection and Quality Control (FIQC) Laboratory, Khulna | Food Testing |
| 1. | Modern Testing Services (Bangladesh) Ltd. | Textile Testing |
| 2. | ITS Labtest Bangladesh Ltd. Chittagong. | Textile Testing |
| 3. | Analytical Chemistry Laboratory, Atomic Energy Centre, Dhaka | Chemical Testing |
| 4. | TÜV SÜD Bangladesh (Pvt.) Ltd | Textile Testing |
| 5. | Bangladesh Material Testing Laboratory, Dhaka | Textile Testing |
| 6. | NUSDAT-UTS, Walton Hi-Tech Industries Limited | Electrical Testing |
| 7. | PRAN Quality Control Laboratory, PRAN Group, Narshingdi | Chemical Testing |
| 8. | LabRight Bangladesh Limited, Dhaka | Textile testing |
| 9. | SGS Food & Agricultural Testing Laboratory, Dhaka | Food Testing |
| 10. | UL VS Bangladesh Ltd. | Textile testing |
| 11. | SGS Bangladesh Limited, Chittagong | Textile Testing |
| 12. | TÜV Rheinland Bangladesh Pvt. Ltd | Textile Testing |
| 13. | Pesticide Analytical Laboratory (PAL), BARI, Gazipur | Chemical testing |
| 14. | GMS Testing Laboratory, Kashimpur, Gazipur | Textile testing |
| 15. | Comfit Lab Services Ltd., 6-th Floor, Green Building, Gorai, Mirzapur, Tangail. | Textile testing |
| 16. | Testing Laboratory, BSTI, Dhaka. | Chemical testing |
| 17. | UP Technology Service (Bangladesh) Co. Ltd. | Textile testing |
| 18. | Institute of National Analytical Research and Services (INARS),BCSIR, Dhaka-1205. | Chemical testing |
| 19. | Urmi Testing Laboratory, Fakhruddin Textile Mills Ltd. | Textile testing |
| 20. | Bangladesh Research and Testing Laboratory, Dhaka | Textile testing |
| 21. | Hohenstein Laboratories Bangladesh Limited | Textile testing |
| 22. | National Food Testing Laboratory | Food Testing |
| 23. | Consumer Testing Laboratories Ltd. | Textile testing |
| 24. | Waffen Research Laboratory, Dhaka | Food Testing |
| 25. | Max Infrastructure Ltd., Quality Testing Laboratory, Rooppur Nuclear Power Plant Site | Construction material testing |
| 26. | ITS Labtest Bangladesh, Gazipur | Textile testing |
| 27. | ITS Labtest Bangladesh,Kabirpur, Ashulia/Savar, Dhaka | Textile testing |
| 28. | Summit Testing & Calibration Laboratory, Narayanganj | Chemical testing |
| 29. | EQMS Consulting Limited (Testing Laboratory) | Chemical testing |
| 30. | Quality Control Laboratory (QC Lab DLS), Department of Livestock Services, Dhaka | Food testing |
| 31. | Geo Chem Consumer Products Services (CPS) Ltd.Dhaka | Textile testing |
| 32. | MNT Seed Testing Lab, Gazipur | Seed Testing |
| 33. | Quality Control Laboratory, Drug International Limited, Gazipur | Pharmaceutical testing |
| 34. | Leather Research Institute (LRI), BCSIR, Nayarhat, Savar | Leather Testing |
| 35. | Continental Inspection Co. (BD) Ltd.,Testing Laboratory, Dhaka | Paper, Food Grain & Fertilizer Testing |
| 36. | Dunlab Ltd., Chattogram | Food Testing |
| 37. | MJL Bangladesh Limited, Chattogram | Petroleum Product Testing |
| 38. | RGL QC Laboratory, Pabna | Electrical |
| 39. | Bangladesh Environmental Engineering Training & Lab Services Limited | |
| 40. | Software Testing Laboratory, AGS Quality Action Limited | Software Testing |

| | | |
|---|---|---|
| 41. | Plant Disease Diagnostic Laboratory (PDDL), Plant Pathology Division,Bangladesh Agricultural Research Institute, Gazipur | Plant Health Testing |
| 42. | QIMA Bangladesh Pvt. Limited | Textile testing |
| 43. | Shahriyar Testing Laboratory (STL) | Textile testing |
| 44. | Echotex Testing Services | Textile testing |
| 45. | Central Laboratory, Divine Fabrics Ltd. | Textile testing |
| 46. | Amber Textile Services Limited, Gazipur | Textile testing |
| 47. | Sreepur QA Lab, Nestlé Bangladesh PLC, | Food Testing |
| 48. | Creative Wash Limited-LAB, Nishat Nagar, Tongi | Textile testing |
| 49. | Fashion Testing Services (Zaber & Zubair Fabric Ltd.) Pagar, Tongi, Gazipur | Textile testing |
| 50. | Luminex Lab, Super Star Electronics ltd., Godnail, Bhuiyan Para, Siddirganj, Narayangonj | Electrical testing |
| 51. | LABTECH LTD. | Textile testing |
| 52. | Quality Assurance Laboratory, Square Food and Beverage Ltd. Pabna | Food Testing |
| 53. | Zaber & Zubair Quality Control Processing Laboratory Pagar, Tongi, Gazipur-1710. | Textile testing |
| 54. | GPHI Quality Control Laboratory Masjiddah, Kumira, Sitakunda, Chattogram, Bangladesh | Steel Testing |
| 55. | Geotextile Testing Lab (GTL)Confidence Infrastructure Ltd., Narayangonj-1411, Bangladesh. | Geotextile Testing |
| 56. | Textile Testing and Consultation Services (TTCS), Bangladesh University of Textiles (BUTEX), Tejgaon, Dhaka, Bangladesh | Textile testing |
| 57. | Bureau Veritas (Bangladesh) Private Limited, Construction Services Laboratory,Hazaribag, Dhanmondi, Dhaka-1209 | Construction Testing |
| 58. | Renaissance Apparels Ltd. Laboratory(RALL), Gazipur | Textile testing |
| 59. | Institute of Technology Transfer and Innovation (ITTI), BCSIR, Dhaka | Food Testing |
| 60. | PD & QC Laboratory, ACI Foods Limited, Sirajganj | Food Testing |
| 61. | Bangladesh Industrial X-Ray, Dhaka | NDT Testing |
| 62. | Dhaka Laboratory, Department of Environment, Agargaon, Dhaka | NDT Testing |
| | **List of suspended laboratories** | |
| 63. | Petromax Refinery Ltd., Mongla | Petroleum Product Testing |
| 64. | Brachi Testing Service (BD) Ltd.,Dhaka | Textile Testing |
| 65. | Plasma Plus Application and Research Laboratory, Dhaka | Chemical testing |
| 66. | Norwest Testing Laboratory | Textile Testing |
| 67. | ASM Testing Laboratory, Gazipur | Chemical testing |
| 68. | TTSL, Dhaka | Textile Testing |
| 69. | Max Infrastructure Ltd., Quality Testing Laboratory, Rooppur Nuclear Power Plant Site | Construction material testing |
| 70. | Fakir Testing Services, Dhaka | Textile Testing |
| 71. | Interstoff Apparels Ltd | Textile Testing |
| 72. | Bureau Veritas Consumer Products Services (Chittagong) Ltd. | Textile Testing |
| 73. | Central Laboratory, Samuda Chemical Complex Ltd. | |
| 74. | Quality Control Laboratory (Central Laboratory), Renata Limited, Dhaka | Pharmaceutical testing |
| 75. | Quality Control Laboratory (Potent Product Facility), Renata Limited, Dhaka | Pharmaceutical testing |
| 76. | Testing Laboratory, Impress-Newtex Composite Textiles Limited, Mirzapur, Tangail. | Textile Testing |
| 77. | Premier Testing Laboratory | Textile Testing |
| 78. | National Control Laboratory (NCL) | Chemical testing |
| 79. | 24 Engr. Contr. B De testing Laboratory | Construction material testing |
| 80. | Noman Terry Towel Testing Laboratory, Vawal, Mirzapur | Textile Testing |
| **List of withdrawn laboratories** | | |
| 81. | Quality Control Laboratory, Julphar Bangladesh Ltd., Gazipur | Pharmaceutical testing |
| 82. | Concrete Innovation & Application Centre (CIAC) | Construction material testing |
| 83. | Qtex Solutions Limited, Testing Laboratory division,Uttara, Dhaka. | Chemical testing |
| **List of Saspened Calibration Laboratories** | | |
| 84. | M/s Reveriecalibration lab, Dhaka | Thermal and Electrotechnical |
| 85. | Megacorp Limited, Dhaka | Mechanical |
| | | |
| 86. | National Metrology Laboratory (NML-BSTI) | Mechanical, Thermal and Electrotechnical |
| 87. | Training Institute for Chemical Industries, Polash, Narshindi | Mechanical |
| 88. | Calibration Laboratory, Dysin International Ltd. | Mechanical, Thermal and Electrotechnical |
| 89. | OTS (Pvt.) Ltd., Dhaka | Mechanical |
| 90. | Instrumentation Engineering Services Ltd., Dhaka | Mechanical, Thermal and Electrotechnical |
| 91. | Resource Instrument & Measurement Enterprise (RIME), Dhaka | Mechanical |
| 92. | SGS Bangladesh Limited, Calibration Lab, Dhaka | Mechanical, Thermal and Electrotechnical |
| 93. | Quality Calibration Solutions (QCS) Private Limited | Mechanical, Thermal and Electrotechnical |
| 94. | Standard Calibration Services (SCS) Private Limited, Mirpur, Dhaka | Mechanical, Thermal and Electrotechnical |

| | | |
|---|---|---|
| 95. | Calibration Laboratory, Biman Bangladesh Airlines Ltd. | Mechanical, Thermal and Electrotechnical |
| 96. | Peerless Calibration Services Ltd. | Mechanical, Thermal and Electrotechnical |
| 97. | CS Lab Limited, Dhaka | Mechanical, Thermal |
| 98. | Summit Testing & Calibration Laboratory, Narayanganj | Mechanical, Electrotechnical |
| 99. | IIS TESTING BD PVT. LTD | Mechanical |
| 100. | ION Engineering (Pvt.) Ltd. | Thermal and Electrotechnical |
| 101. | Eurosia ITC Services Ltd., Dhaka | Mechanical, Thermal |
| 102. | Valitech Lab & Inspection Ltd., Calibration Services, Uttara, Dhaka, Bangladesh | Mechanical |
| 103. | CINTEX CO. UK LTD., Calibration Laboratory, Adabor, Dhaka 1207, Bangladesh | Mechanical |
| 104. | GCL Assessment Services Ltd, Dhaka | Mechanical |
| 105. | Bureau Veritas Consumer Products Services (Bangladesh) Ltd., Dhaka (Calibration Services) | Mechanical |
| **Medical Laboratory (ISO 15189)** | | |
| 106. | United Hospital, Pathology Laboratory | Pathological Testing |
| 107. | Labaid Limited, Pathology Laboratory | Pathological Testing |
| 108. | Epic Healthcare, Chattogram | Pathological Testing |
| 109. | Praava Health BD Ltd, Dhaka | Pathological Testing |
| 110. | Laboratory Services, Khwaja Yunus Ali Medical College & Hospital, Sirajganj | Pathological Testing |
| 111. | DMFR Molecular Lab & Diagnostics BD Ltd. | Pathological Testing |
| 112. | Laboratory Services. Ibn Sina Diagnostic & Imaging Center | Pathological Testing |
| 113. | Parkview Diagnostic Center, Parkview Hospital Ltd., Panchlaish, Chattogram | Pathological Testing |
| 114. | Novus Clinical Research Services Limited, Paribagh, Dhaka | Pathological Testing |
| **Certification Body (ISO/IEC 17021)** | | |
| 115. | BSTI, Management System Certification Wing, Dhaka | ISO 9001, 14001, 22000 |
| 116. | AGS Quality Action Ltd.Dhaka | ISO 9001, ISO 27001 |
| 117. | United Certification Services Limited, Dhaka | ISO 9001, ISO 27001, ISO 45001, ISO 14001 |
| **Product Certification Body** | | |
| 118. | Product Certification Scheme, BSTI, Dhaka | Milk, Chutney, Fruit, Drink, Water, Biscuit |
| **Inspection Body (ISO/IEC 17020)** | | |
| 119. | Qtex Solutions Limited | Workplace Environment |
| 120. | Envirotech International Ltd, Uttara, Dhaka. | Workplace Environment |
| 121. | National Testing, Calibration & Inspection Ltd | Workplace Environment |
| 122. | ITS Labtest Bangladesh Ltd. (Inspection Division), Dhaka | Textile Products |
| 123. | Bureau Veritas Consumer Products Services (BVCPS) Bangladesh Ltd., Dhaka | Textile Products |
| 124. | Global Environment Consultants Limited | Workplace Environment |
| 125. | GREENBUD Testing and Inspection Services | Workplace Environment |
| 126. | Continental Inspection Co.(BD) Ltd., Dhaka | PSI |
| 127. | Care Line Audit & Inspection Ltd. | Workplace Environment |
| 128. | Envirocare International Ltd., Dhaka | Workplace Environment |
| 129. | Eurosia ITC Services Ltd.,Dhaka | Workplace Environment |
| 130. | Pollution Solution Limited, Dhaka | Workplace Environment |
| 131. | EQMS Consulting Limited, Dhaka | Workplace Environment |
| 132. | CS Lab Limited, Inspection Services, Dhaka | Workplace Environment |
| 133. | Instrumentation Engineering Services Ltd., Inspection Services, Dhaka | Workplace Environment |
| 134. | Greentech Inspection Ltd., Dhaka | Workplace Environment |
| 135. | Environmental Alliance BD Limited | Workplace Environment |
| 136. | Envoage Sustainable Solution | Workplace Environment |
| 137. | Inspection Services Unit, AGS Quality Action Limited | Industrial Packaging Materials Inspection |
| 138. | Adroit Environment Consultants Ltd. | Workplace Environment |
| 139. | Equity Inspection Services | PLI & PSI |
| 140. | Inspection Service Division, TÜV Rheinland Bangladesh Pvt. Ltd. | Textile Products |
| 141. | GEM Consultants Limited, Dhaka | Workplace Environment |
| 142. | Valitech Lab & Inspection Ltd., Inspection Services Uttara, Dhaka, Bangladesh | Workplace Environment |
| 143. | GCL Assessment Services Ltd | Workplace Environment |
| 144. | QES Pvt. Limited | Workplace Environment |
| 145. | Engineering Resources International Ltd., Dhaka | Workplace Environment |
| 146. | CU Certifications Ltd. (Control Union Bangladesh), Dhaka | Workplace Environment |
| 147. | ICAS International Ltd., Dhaka | Workplace Environment |


# Current BAB Accreditation Schemes

*Testing and Calibration Laboratory*
ISO/IEC 17025

*Inspection Body*
ISO/IEC 17020

*Medical Laboratory*
ISO 15189

*Certification Body*
ISO/IEC 17021, 17065




# BAB Accreditation Process

**Application**

**Step 1 – Registration of Application**
3 working days after receiving application

**Step 2 – Appointment of Case Officer/Team Leader**
5 working days after registration

**Step 3 – Adequacy Audit**
5 working days after appointment of Team Leader

**Step 4 – Preassessment/Assessment**
90 days of receiving application

**Step 5 – Evaluation of Assessment Report**
15 working days after receiving response of non-conformances

**Step 6 – Decision by Accreditation Committee**
15 working days after evaluation

**Issuance of Accreditation Certificate**



# Are you thinking for local and global acceptance of your products and services?

## BAB is the Right Choice for Accreditation

### Spectrum of Accreditation Benefits

## Facilitating Global Trade

- ✓ It works as an economic passport for international trade and facilitates international trade by reducing technical barriers to trade (TBT).
- ✓ It will work as de-facto for future global trade.

## Improving Organizational Efficiency

- ✓ It can highlight gaps or weaknesses in operational capability.
- ✓ It provides the opportunity for improving organizational efficiency and outputs.

## Gaining Competitive Advantage

- ✓ It provides independent assurance of technical competence.
- ✓ It can set you apart from the competition.
- ✓ It supports the generation of new business and exploiting the potential to open up trade into new markets.

## Managing Risks and Uncertainties

- ✓ It acts as an important tool in assessing, identifying and reducing risks & Uncertainties and implementing opportunity for improvements.

## Providing Confidence in Supply Chain

- ✓ It delivers confidence in supply chains and helps meeting acceptance criteria of products and services.

## Supporting the Work of Regulators and Public Policy Makers

- ✓ It reduces uncertainties associated with decisions affecting the protection of human health & safety and the environment.
- ✓ It eases works of regulators and public policy makers.
- ✓ It provides confidence in public sector procurement decisions.
- ✓ It helps government deliver and enforce its policies efficiently.

## Why BAB Accreditation?

- BAB accreditation is recognized and accepted globally.
- It ensures trust and credibility among consumers.
- It provides confidence to employees, customers and stakeholders of a commitment to quality, safety and service improvement.
- It enables higher-quality, innovation, productivity and safer economic activity.

## Who can apply

- Testing Laboratory (ISO/IEC 17025)
- Calibration Laboratory (ISO/IEC 17025)
- Medical Laboratory (ISO 15189)
- Inspection Body (ISO/IEC 17020)
- Certification Body (ISO/IEC 17021, 17024, 17065)




**Bangladesh Accreditation Board (BAB)**
**Ministry of Industries**
91, Motijheel C/A, Dhaka-1000, Tel: +88-02-9513221, Email: info@bab.gov.bd